

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৮০

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - নফল সিয়ামের ইফতারের বিবরণ

### আরবী

وَعَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةً عَنْ عَائِشَةً قَالَتْ: كُنْتُ أَنَا وَحَفْصَةُ صَائِمَتَيْنِ فَعَرَضَ لَنَا طَعَامٌ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ الشَّهَ يَنْاهُ فَأَكَلَنَا مِنْهُ. قَالَ: «اقْضِيَا يَوْمًا آخَرَ مَكَانَهُ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَذَكَرَ طَعَامٌ الشَّهَ عَنْ الْحُفَّاظِ رَوَوْا عَنِ الزُّهْرِيِّ عَنْ عَائِشَةَ مُرْسَلًا وَلَمْ يذكرُوا فِيهِ عَن عُرْوَة وَهَذَا أَصِح

وَرَوَاهُ أَبُو دَاؤُدَ عَنْ زُمَيْلٍ مَوْلَى عُرْوَةَ عَن عُرُوة عَن عَائِشَة

#### বাংলা

২০৮০-[৫] যুহরী 'উরওয়াহ্ হতে এবং 'উরওয়াহ্ 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি ও হাফসাহ্ দু'জনেই সওমে ছিলাম। আমাদের সামনে খাবার আনা হলো। খাবার দেখে আমাদের লোভ হলো। আমরা সওমে খেয়ে নিলাম। অতঃপর হাফসা (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আর্য করল, হে আল্লাহর রসূল! আমরা সওমে ছিলাম। আমাদের সামনে খাবার আনা হলে আমাদের লোভ হলো। তাই খেয়ে ফেললাম (আমাদের ব্যাপারে এখন হুকুম কী?) তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ অন্য একদিন তা কাযা করে নিও- (তিরমিযী)।

আর (হাদীসের) হাফেযদের একদল যুহরী হতে, যুহরী 'আয়িশাহ্ (রাঃ) হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। (তাতে 'উরওয়াহ্ হতে উল্লেখ করা হয়নি।) এটাই বেশী সহীহ। হাদীসটি ইমাম আবূ দাউদ যুমায়ল হতে উদ্ধৃত করেছেন। যুমায়ল ছিলেন 'উরওয়ার আযাদ করা গোলাম। যুমায়ল 'উরওয়াহ্ হতে, আর উরওয়াহ্ 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন।[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিযী ৭৩৫, আহমাদ ২৬২৬৭। কারণ এর সানাদে জা'ফার ইবনু বুরক্বন বিশেষত যুহরী থেকে



বর্ণনায় একজন দুর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অবশ্য এ হাদীস থেকে দলীল গ্রহণ করা যায় যে, নফল সিয়াম ভঙ্গ করলে উক্ত সিয়ামের কাযা আবশ্যক। কিন্তু হাদীস য'ঈফ। আর যদি বিশুদ্ধ হয় তাহলে এ হাদীস ও উম্মু হানী (রাঃ)-এর বর্ণিত হাদীসের মাঝে সমন্বয় করে বলা যায় যে, এ হাদীসে কাযার প্রতি নির্দেশটা মুস্তাহাবের জন্য (ওয়াজিবের জন্য নয়)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন